



পার্টি লিডার এর কার্যালয়
লিবারেল পার্টি বাংলাদেশ

সাকুলার-সেপ্টেম্বর/০৮-২

তারিখ: ২৪-০৯-২০০৮ ইং

- ১। কেবিনেট সদস্য জনাব মিজানুর রহমান চৌধুরী পার্টি লিডারের প্রবাস জনিত কারণে কেবিনেট এর নির্বাহী চেয়ারম্যান হিসেবে পার্টি লিডারের প্রত্যাবর্তন বা নতুন কেবিনেট গঠন বা নতুন লিডার নির্বাচন বা নতুন নির্দেশ না হওয়া পর্যন্ত দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালন কালে পার্টি লিডারের দপ্তর তার দপ্তর হিসেবে বিবেচিত হবে।
- ২। কেবিনেট সদস্য এডভোকেট নূরুল ইসলাম ও জনাব কুতুব উদ্দীন আহমেদ যথাক্রমে কাউন্সিল (ন্যাশনাল) চেয়ারম্যান ও ডেপুটি কাউন্সিল (ন্যাশনাল) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন এবং পূর্বে দেয়া জাতীয় লিডারশীপ কাউন্সিল এর কার্যক্রমের উপর দেয়া স্থগিতাদেশ প্রত্যাহার হবে।
- ৩। পার্টি লিডারের বিশেষ সহকারী হিসেবে মনোনীত জনাব রেভারেন্ড মনিরুল নানক, জনাব ইঞ্জিনিয়ার আজিমুল হক এবং মিস সেহলী পারভীন সাংগঠনিক সম্পাদকের মর্যাদা পাবেন। তবে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক সর্বক্ষেত্রে সিনিয়রিটি প্রাপ্ত হবেন।
- ৪। পার্টি লিডারের রাজনৈতিক সহকারী জনাব আবুল বাশার পাটোয়ারী এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রেসিডেন্টের একান্ত সচিব জনাব এম,এম রেজাউল হক রেজা সম্পাদকের মর্যাদা প্রাপ্ত হবেন।
- ৫। কেন্দ্রীয় নির্বাহী কমিটির জাতীয় পরিচালক জনাব সাহাদাত হোসেন বাকির যুগ্ম মহাসচিবের মর্যাদা প্রাপ্ত হবেন।



পার্টি লিডার এর কার্যালয়
লিবারেল পার্টি বাংলাদেশ

- ৬। জাতীয় পরিচালক নির্বাচন কমিশনে দলের নিবন্ধনের দরখাস্ত করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত হবেন।
- ৭। সকল কমিটির নেতৃত্ব এবং সদস্যগণ অবিলম্বে তাদের যোগাযোগের এবং ডাকের ঠিকানা, টেলিফোন নম্বরসহ জাতীয় পরিচয়পত্রের কপি জাতীয় সদর দপ্তরে অবিলম্বে জমা দেবেন। দায়িত্ব লাভের এক মাসের মধ্যে উপযুক্ত কারণ ব্যতীতই তা জমা প্রদান করতে ব্যর্থ হলে দলীয় পদ বাতিল করা হবে।
- ৮। আগামী ৬ মাসের মধ্যে পার্টি কংগ্রেস এর দ্বারা কেন্দ্রীয় নির্বাহী কমিটি নির্বাচন এবং লিডারশীপ কাউন্সিল অধিবেশনের দ্বারা পার্টির সংশোধিত নয়া খসড়া গঠনতন্ত্র অনুমোদন ও পার্টি লিডার নির্বাচনের ব্যবস্থা করার জন্য ন্যাশনাল চেয়ারম্যান ও ডেপুটি ন্যাশনাল চেয়ারম্যান ব্যবস্থা গ্রহন করবেন। এজন্য চাহিবামাত্র সবাই তাদের প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

অবিলম্বে এ সিদ্ধান্ত কার্যকর হকে এবং পরবর্তী সিদ্ধান্ত না দেয়া পর্যন্ত বহাল থাকবে।

শেখ মহিউদ্দিন আহমেদ
পার্টি লিডার